Total No. of Printed Pages - 7
Subject Code - 02

DLIEC / KMJ / BN 24

Annual Examination-2023-24

Class - IX

**BENGALI**

(Modern Indian Language)

Full Marks - 100

Pass Marks - 30

Time - 3 hours

*(The figures in the margin indicate full marks for the questions.)*

পরীক্ষার্থীরা ক-বিভাগ ও খ-বিভাগ

অথবা

ক-বিভাগ ও গ-বিভাগ এর উত্তর একই খাতায় লিখবে।

## Group - A

(বিভাগ-ক)

(মূল্যাঙ্ক - ৭৫)

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও :- ১X৬=৬

ক) আর্জেন্টিনার দল কর্তৃক ভারতে এসে পিপলান্ত্রি গ্রাম নিয়ে নির্মিত সিনেমাটির নাম কী ?

খ) রবীন্দ্রনাথ ঠাকুরের প্রথম প্রকাশিত কবিতার নাম কী ?

গ) 'বায়োটিক' শব্দটির অর্থ কী ?

ঘ) 'মনসামঙ্গল' কবিতাটি কবির কোন কাব্যের অন্তর্গত ?

ঙ) আপনি প্রভু — প'রে বাঁধা সবার কাছে। (শূন্যস্থান পূর্ণ করো)

চ) 'পল্লী কবি' হিসেবে সুপরিচিত কবির নাম কী ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :- ২X৬=১২

ক) 'প্রত্যুপকার' পাঠের লেখকের নাম কী ? তাঁর অনূদিত একটি গ্রন্থের নাম লেখো।

খ) 'জলযোগ' বলতে কী বোঝ ?

গ) "কেন বাপু পরের ছেলেকে নিয়ে কেন এ কর্মভোগ ?" — উক্তিটি কে, কখন করেছেন ?

ঘ) নির্মলের জটিল রোগের কথা জানতে পেরে সিদ্ধার্থ কী বলেছিল ?

ঙ) শ্যামসুন্দর পালিওয়াল গ্রামের প্রতিটি লোককে যে চারটি দায়িত্ব দিয়েছিলেন তার মধ্যে যে-কোনো দুটির উল্লেখ করো।

চ) পল্লী কবি রচিত চারটি গ্রন্থের নাম লেখো।

৩। উত্তর দাও :- ৩X৩=৯

ক) 'মনসামঙ্গল' কবিতা অবলম্বনে শ্রাবণের রূপ সৌন্দর্যের বর্ণনা দাও।

**অথবা**

তাৎপর্য লেখো —

ধূলা তাঁহার লেগেছে দুই হাতে —

খ) কোন কোন ঘটনায় ডাইনীর মানবিক গুণের প্রকাশ দেখা যায় ?

**অথবা**

কী কী কারণে সিদ্ধার্থ নেশাসক্ত হয়ে পড়েছিল ?

গ) 'কিরণ নিধি' যোজনা কী ? এই যোজনার উদ্যোক্তা কে ? ২X১=৩

**অথবা**

'আমিও লড়াই করছি। সবাই তাই করে — কেবল সকলের লড়াইটা আলাদা।'

— কথাটি কে, কাকে, কী প্রসঙ্গে বলেছিল আলোচনা করো। $\frac{১}{২}+\frac{১}{২}+২=৩$

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :- ৪X৪=১৬

ক) নদীতীরে বালকদের খেলার দৃশ্যটি বর্ণনা করো।

**অথবা**

"আমি এত নীচাশয় ও স্বার্থপর নহি যে, কিছুকাল পূর্বে যে প্রাণের রক্ষা করিয়াছি, আপন প্রাণরক্ষার্থে, এক্ষণে সেই প্রাণের বিনাশের কারণ হইব।" — উক্তিটি কার ? সপ্রসঙ্গ আলোচনা করো।

খ) পেনিসিলিন কী ? মানবজীবনে পেনিসিলিনের ভূমিকা বর্ণনা করো। ১+৩=৪

**অথবা**

সিদ্ধার্থ কেন নিঃসঙ্গতায় ভুগছিল আলোচনা করো।



Learnfo

গ) মায়ের ঝিয়ারি কে ? তাঁর ভাসান যাত্রার বর্ণনা দাও।

**অথবা**

সপ্রসঙ্গ ব্যাখ্যা করো —

'নয়ন মেলে দেখ দেখি তুই চেয়ে — দেবতা নাই ঘরে।'

ঘ) 'গৌরাঙ্গের বাল্যলীলা' অবলম্বনে শিশু গৌরাঙ্গের বাল্যলীলার বিবরণ দাও।

**অথবা**

বালিকাবধূর রূপ লাবণ্যে বৃদ্ধ দাদু তাঁর স্ত্রীর রূপের যে বর্ণনা দিয়েছেন সে বিষয়ে আলোকপাত করো।

৫। নির্দেশ অনুসারে উত্তর দাও :-

ক) সন্ধি বিচ্ছেদ করো :- (যে-কোনো তিনটি) ৩

উচ্ছৃঙ্খল, যজ্ঞ, অলঙ্কার, ষড়যন্ত্র

খ) নির্দেশক প্রত্যয় বলতে কী বোঝ ? একটি উদাহরণ দাও। ২

গ) বাক্য সম্প্রসারণ করো :- (যে-কোনো তিনটি) ৩

সতীর্থ, কৃতজ্ঞ, আস্তিক, অনুক্ত

ঘ) অর্থ লেখো ও বাক্যরচনা করো :- (যে-কোনো দুটি) ২

বুক ফাটা, বুক উঁচু, বুক ভরা

৬। ভাব সম্প্রসারণ করো :- ৪

কাঁটা হেরি ক্ষান্ত কেন কমল তুলিতে।
দুঃখ বিনা সুখ লাভ হয় কি মহীতে।।

**অথবা**

তোমার এলাকায় বিদ্যুৎ সমস্যা দূরীকরণের জন্য বিভাগীয় মন্ত্রীর কাছে একটি আবেদন পত্র লেখো।

৭। যে-কোনো একটি বিষয়ে রচনা লেখো :-

ক) আসামের প্রাকৃতিক সৌন্দর্য। ৮

খ) দৈনন্দিন জীবনে বিজ্ঞান।

Learnfo



Contd.

গ) তোমার জীবনের লক্ষ্য।

### দ্রুত পঠন

৮। ক) 'বৈচিত্র্যপূর্ণ অসম' পাঠ্যবইয়ের অন্তর্গত যে-কোনো দুটি জনগোষ্ঠীর সংক্ষিপ্ত পরিচয় দাও। ৩X২=৬

খ) তোমার দ্রুতপাঠে সন্নিবিষ্ট দুটি জনগোষ্ঠীর বিশেষ অবদান আছে এমন দু'জন ব্যক্তির বিষয়ে লেখো। ২X২=৪

## Group - B
(বিভাগ - খ)
(মূল্যাঙ্ক - ২৫)

৯। অতি সংক্ষিপ্ত উত্তর দাও :- ১X৩=৩

ক) 'আগামী' কবিতাটি কবির কোন কাব্যগ্রন্থের অন্তর্গত ?

খ) 'আমরা' কবিতায় আমরা কারা ?

গ) "ধর্মে মতির্ভবতু বঃ সততোত্থিতানাং' —
শ্লোকটি কোন গ্রন্থে আছে ?

১০। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :- ২

ক) ঈশ্বরের তত্ত্বকথার হদিস দেবেন্দ্রনাথ কার নির্দেশে কোথায় পেয়েছিলেন ? https://www.assamboard.com

খ) 'ভারতবর্ষ' পাঠ অবলম্বনে মুদিখানাটির সংক্ষিপ্ত বর্ণনা দাও।

১১। টীকা লেখো :- (যে-কোনো দুটি) ২X২=৪

বোটানিক্যাল গার্ডেন, কৃত্তিবাস, চাণক্য।

১২। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :- ৩

ক) দেবেন্দ্রনাথ ঈশ্বর অন্বেষণে কী কী উপায় অবলম্বন করেছিলেন ?

খ) "কোনো মায়ামন্ত্র বলে সেই সুদূর অতীত আবার ফিরে এলো নাকি ?" — কার মনে এই প্রশ্নের উদয় হয়েছিল ? সপ্রসঙ্গ আলোচনা করো।

Learnfo

১৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :- ৩X২=৬

ক) "আমরা বাঙালি বাস করি বাঞ্ছিত ভূমি বঙ্গে"। — কবি বঙ্গকে বাঞ্ছিত ভূমি বলেছেন কেন ? বিস্তৃত আলোচনা করো।

খ) 'আগামী' কবিতাটির নামকরণের সার্থকতা বিচার করো।

গ) তাৎপর্য বিশ্লেষণ করো —

"শিকড়ে আমার তাই অরণ্যের বিশাল চেতনা"।

১৪। নির্দেশ অনুসারে উত্তর দাও :-

ক) লিঙ্গ পরিবর্তন করো :- (যে-কোনো দুটি) ২

সম্রাট, নেতা, শ্রীমতী।

খ) বাক্য সংকোচন করো :- (যে-কোনো দুটি) ২

যাহা অবশ্যই ঘটিবে, হরিণের মতো চোখ যার, পা থেকে মাথা পর্যন্ত।

গ) প্রত্যয় নির্ণয় করো :- (যে-কোনো একটি) ১

চলন্ত, ঢাকাই, কর্তব্য

ঘ) উক্তি পরিবর্তন করো :- (যে-কোনো একটি) ১

১। লেখক বৃদ্ধকে জিজ্ঞাসা করলেন, "আপনার মধ্যে কি কোনো পরিবর্তন হয়নি" ?

২। নীলা বাবার কাছে জানতে চাইল যে তিনি সমুদ্রে স্নান করেছেন কি না।

ঘ) সমাপিকা ক্রিয়ার একটি উদাহরণ দাও। ১

## Group - C
(বিভাগ - গ)
(মূল্যাঙ্ক - ২৫)

1. Translate any one of the following passage in your mother tongue. 4

a) एते क्षुद्राः पक्षिणः मां निन्दन्ति। तदा वानरः क्रुद्धं भूत्वा खगानां नीडानि भग्नं कृतवान्। खगानां नीडैः सह तेषाम् अण्डानि अपि नष्टानि।



Contd.

Learnfo

b) विद्वान सर्वेषाम् पूजितः। मुनयः वने वसन्ति। वृक्षात् पत्राणि पतन्ति। दण्डेन सर्पम् अताडयत्।

2. Fill in the blanks with appropriate words given in the brackets. 1X4=4

বন্ধনী থেকে উপযুক্ত শব্দ বেছে শূন্যস্থান পূর্ণ করো।

i) खगाः सुखेन —— स्म। (निवसति/निवसन्ति)

ii) वानरः कम्पितः——। (अभवत्/अभवन्)

iii) ——स्वगृहस्य निर्माणं न करोषि। (त्वम्/अहम्)

iv) रामायणम् —— पठति। (ज्ञानम्/ज्ञानाय/ज्ञानात्)

3. Match the following : 1X4=4

পরস্পর মিলাও :

| | |
|---|---|
| क) वयं | i) नृत्यसि |
| ख) त्वं | ii) लिखथ |
| ग) युवं | iii) पठामि |
| घ) अहं | iv) क्रीडामः |

4. a) Write the gender of the following words. $\frac{1}{2}$X4=2

निम्नलिखित শব্দগুলির লিঙ্গ নির্ণয় করো।

नदी, पति, पुष्पम् एषः

b) Frame sentences with the following. 1X2=2

নিম্নলিখিত শব্দগুলি দ্বারা বাক্য রচনা করো।

विकसन्ति, आसीत्

c) Disjoin the combined letter. $\frac{1}{2}$X4=2

সংযুক্ত বর্ণগুলি ভেঙে দেখাও।

र्क्य, क्ष्म, ज्ञ, त्र

d) Write the symbol and name of the following numerals in Sanskrit. 1X3=3



Contd..

Learnfo

নিম্নলিখিত সংখ্যাগুলির চিহ্ন ও নাম সংস্কৃতে লেখো।

5, 6, 8

5. a) Decline any two of the following. 1X2=2

নিম্নলিখিত যে-কোনো দুটির শব্দরূপ লেখো।

i) 'নদী' in সপ্তমী singular. ('নদী' শব্দের সপ্তমী একবচন।)

ii) 'শিশু' in তৃতীয়া plural. ('শিশু' শব্দের তৃতীয়া বহুবচন।)

iii) 'লতা' in তৃতীয়া singular. ('লতা' শব্দের তৃতীয়া একবচন।)

iv) 'সখি' in প্রথমা plural. ('সখি' শব্দের প্রথমা বহুবচন।)

b) Conjugate any two of the following. 1X2=2

নিম্নলিখিত যে-কোনো দুটির ধাতুরূপ লেখো।

i) 'পঠ' in লঙ অন্ ('পঠ'- ধাতু লঙ অন্)

ii) 'দৃশ্' in লৃট স্যতি ('দৃশ্'- ধাতু লৃট স্যতি)

iii) 'গৈ' in লোট অন্তু ('গৈ'- ধাতু লোট অন্তু)

iv) 'জি' in লট অন্তি ('জি'- ধাতু লট অন্তি)

******

Learninfo